মিয়ানমারে ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ৫৯

মিয়ানমারের দক্ষিণ-পূর্বাঞ্চলে ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ৫৯ জনে দাঁড়িয়েছে।

কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের পর শুক্রবার মোন রাজ্যে ভূমিধসের ঘটনা ঘটে। খবর বিবিসির।

ভূমিধসে পাউং শহর সংলগ্ন একটি গ্রামের ২৭টি বাড়ি ধসে গেছে। উদ্ধারকাজ এখনও চলছে। তবে প্রবল বৃষ্টি ও কাদার কারণে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে।

চলতি বর্ষা ঋতুতে বৃষ্টিপাতে মিয়ানমারের বিভিন্ন অংশে ব্যাপক বন্যা দেখা দিয়েছে। এতে ঘরবাড়ি ডুবে গেছে, ক্ষতিগ্রস্ত হয়েছে বহু সেতু।

জাতিসংঘ জানিয়েছে, দেশটির বন্যাকবলিত ৮০ হাজার মানুষ ত্রাণশিবিরে আশ্রয় নিয়েছে।

মিয়ানমারের অনেকগুলো রাজ্য বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, তবে ক্ষয়ক্ষতির পরিমাণ মোন রাজ্যেই সবচেয়ে বেশি।

সোমবার দেশটির ভাইস প্রেসিডেন্ট হেনরি ভ্যান থিয়ো মোন রাজ্য পরিদর্শন করেছেন। এ সময় উদ্ধারকাজ জোরদার করার জন্য আরও নৌকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন তিনি।